দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JUN 2008

# শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ব্যান্ডউইথ চার্জ হ্রাস বিটিআরসি'র

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

এক মাসের ব্যবধানে দ্বিতীয়বারের মতো কমানো হল সাবমেরিন ক্যাবলের ব্যান্ডউইথ চার্জ। আগের বার সব গ্রাহকের জন্যে ব্যান্ডউইথ মূল্য কমানো হলেও এবার কেবল শিক্ষা প্রতিষ্ঠানকে এ বিশেষ সুবিধা দেয়া হচ্ছে।

পুনঃনির্ধারিত ব্যান্ডউইথ চার্জ অনুসারে সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলো 64 Kbps পর্যন্ত বিনামূল্যে ব্যান্ডউইথ পাবে। সকল পাবলিক বিশ্ববিদ্যালয়, সরকারি কলেজ-স্কুল ও মাদ্রাসা এবং এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান ৭৫ শতাংশ পর্যন্ত কম মূল্যে ব্যান্ডউইথ পাবে। এছাড়াও বিভিন্ন সরকারী, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং কল সেন্টারসমূহ ২০ থেকে ৬০ শতাংশ পর্যন্ত সাশ্রয় মূল্যে ব্যান্ডউইথ পাবে। সোমবার বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এক ঘোষণায় সরকারের নতুন এ সিদ্ধান্তের কথা জানিয়েছে।

বিটিআরসি চেয়ারম্যান মেজর জেনারেল (অবঃ) মনজুরুল আলম এ প্রসঙ্গে দেশের আপামর জনগণ যাতে হ্রাসকৃত মূল্যের সুফল পায় তা নিশ্চিত করার জন্য সকল ইন্টারনেট সার্ভিস প্রভাইডারদের আহবান জানিয়েছেন। এ সংক্রান্ত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিটিআরসি বলেছে, পুনঃনির্ধারিত ব্যান্ডউইথ চার্জের ফলে সমগ্র দেশে বিশেষ করে গ্রামাঞ্চলে কম খরচে ব্রডব্যান্ড ইন্টারনেটের বিস্তার ঘটবে। এতে দেশব্যাপী ইন্টারনেটের ব্যবহার ও ব্রডব্যান্ড প্যানিট্রেশন বৃদ্ধি পাবে।